বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
শৃঙ্খলা শাখা, মানব সম্পদ বিভাগ
www.caab.gov.bd

**নম্বর:** ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৭.০০১১.১৭.৫৭১

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম, সহকারী পরিচালক (এভসেক অপস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কর্মরত থাকা অবস্থায় তাঁর স্ত্রীর চিকিৎসার নিমিত্ত গত ০৯ মে ২০২৫ তারিখ হতে অথবা বাস্তব ভ্রমণের তারিখ হতে ১৫ (পনেরো) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরসহ শ্রীলঙ্কা গমনের অনুমতি প্রার্থনা করে কর্তৃপক্ষ বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রস্তাবটি সুপারিশসহ গত ১৪ মে ২০২৫ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গত ০৪ জুন ২০২৫ তারিখের ১৬৭ নং স্মারকের মাধ্যমে তাঁর স্ত্রীর চিকিৎসা সংক্রান্ত কতিপয় বিষয়ে ব্যাখ্যা চাওয়া হয়। উক্ত ব্যাখ্যা প্রক্রিয়াধীন থাকা অবস্থায় তিনি কোন প্রকার পূর্বানুমতি বা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ ব্যতিরেকে গত ১৫ জুন ২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

২.০ যেহেতু, হশাআবি'র নিরাপত্তা শাখা হতে একাধিকবার মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁর ফোন বন্ধ পাওয়া যায় এবং তাঁর উক্ত অনুপস্থিতি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ২(৮) অনুযায়ী "পলায়ন"-এর সংজ্ঞাভুক্ত হওয়ায় ২৬ আগস্ট ২০২৫ তারিখে তাঁর নিকট ব্যাখ্যা তলব করা হয় এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়; কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব পাওয়া যায়নি;

৩.০ যেহেতু, কর্তৃপক্ষের ব্যাখ্যা তলবের জবাব দাখিল না করা এবং গত ১৫ জুন ২০২৫ তারিখ হতে বিনা অনুমতিতে ৬০ (ষাট) দিনের অধিক সময় কর্তব্যস্থলে অনুপস্থিত থাকা তাঁর গুরুতর দায়িত্বহীনতার পরিচায়ক; ফলে তাঁর উক্ত কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হিসেবে প্রতীয়মান হওয়ায় তাঁর বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.০০০.২০১.৫৭.০০১১.১৭.৯৪৪; তারিখ: ১৩ নভেম্বর ২০২৫ মূলে বিভাগীয় মামলা নং-০৯/২০২৫ রুজু করা হয় এবং ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হয়। উক্ত অভিযোগনামা যথাযথ প্রক্রিয়ায় জারিকরণপূর্বক তাঁর কর্মস্থল, বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হয় এবং একইসাথে তাঁর ব্যক্তিগত ই-মেইল ও হোয়াটসঅ্যাপ নম্বরেও প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তাঁর নিকট হতে কোন জবাব প্রাপ্ত না হওয়ায় অভিযোগ তদন্তের লক্ষ্যে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তিনি তদন্ত কার্যক্রম সম্পন্ন করে গত ২৪ মার্চ ২০২৬ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

৫.০ যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় তাঁকে "চাকরি হতে

বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে গত ১২ এপ্রিল ২০২৬ তারিখে তাঁর বরাবর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। উক্ত নোটিশ যথাযথ প্রক্রিয়ায় জারিকরণপূর্বক তাঁর কর্মস্থল, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ব্যক্তিগত ই-মেইল এবং হোয়াটসঅ্যাপ নম্বরে প্রেরণ করা হয়। পাশাপাশি কর্তৃপক্ষের ওয়েবসাইটেও প্রকাশ করা হয়;

৬.০ যেহেতু, তিনি উক্ত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশেরও কোনো জবাব দাখিল করেননি; এবং

৭.০ যেহেতু, বিভাগীয় মামলার নথিপত্র, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট সকল তথ্য-উপাত্ত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তিনি কর্তৃপক্ষের কোনো পত্রের জবাব প্রদান করেননি এবং চাকরিতে যোগদান না করে পলায়নরত রয়েছেন। ফলে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

৮.০ সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শহিদুল ইসলাম, সহকারী পরিচালক (এভসেক অপস)-কে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর প্রবিধি ৪৯(খ) ও ৪৯(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। অভিযোগের প্রকৃতি, গুরুত্ব এবং সংশ্লিষ্ট সকল বিষয় বিবেচনায় একই প্রবিধানমালার প্রবিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী তাঁকে "চাকরি হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদান করা হলো এবং এতদ্দ্বারা বিভাগীয় মামলা নং-০৯/২০২৫ নিষ্পত্তি করা হলো।

৯.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩০-০৬-২০২৬
এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
চেয়ারম্যান
ফোন : ০২৪১০৯১০০০
ফ্যাক্স : +৮৮০২৪১০৯১১১১
ইমেইল : chairman@caab.gov.bd

নম্বর: ৩০.৩১.০০০০.০০০.২০১.৫৭.০০১১.১৭.৫৭১/১ (১৩)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (প্রশাসন), সদস্য (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২। সদস্য (নিরাপত্তা), সদস্য (নিরাপত্তা) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৩। সদস্য (অর্থ), সদস্য (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪। নির্বাহী পরিচালক (হশাআবি), নির্বাহী পরিচালক (হশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৫। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৬। পরিচালক (অর্থ), পরিচালক (অর্থ) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৭। পরিচালক (অডিট), পরিচালক (অডিট) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৮। পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), পরিচালক (মানব সম্পদ) এর দপ্তর, মানব সম্পদ বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৯। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, ইনফরমেশন টেকনোলজি (আইটি) বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ( পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও হালনাগাদের জন্য)।
১০। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

১১। জনাব মোঃ শহিদুল ইসলাম, সহকারী পরিচালক (এভসেক অপস) (বরখাস্তকৃত), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানব ন্দর, কুর্মিটোলা, ঢাকা (মোবাইল: ০১৭২৫৫২৮৬৬৮, ০১৭১০৬৫৯০৯০; ই-মেইল: sahiduladhsia@gmail.com), বর্ত মান ঠিকানা: এ-৭, হাউজ-২৭, ইশাখা এভিনিউ, সেক্টর-৬, উত্তরা, ঢাকা; স্থায়ী ঠিকানা: পিতা-মহিউদ্দিন খাঁন, গ্রাম-ছোট জলো , ডাকঘর-বরাট বাজার, উপজেলা-গোয়ালন্দ, জেলা-রাজবাড়ী।

১২। সহকারী পরিচালক (প্রশাসন ও ফ্যাসিলিটেশন), প্রশাসন (হশাআবি) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ।

১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব (হশাআবি) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৩০-০৬-২০২৬
এয়ার ভাইস মার্শাল মোঃ মোস্তফা মাহমুদ সিদ্দিক
চেয়ারম্যান